

শ্ৰেণী - সপ্তম
বিষয়- কেস স্টাডি

অনুচ্ছেদটি খুব ভালো করে পড়ে প্রশ্নগুলোর সঠিক উত্তর চিহ্নিত করবে। (১×১০=১০)

এক বণিক ব্যবসা করে অনেক টাকা পেত, কিন্তু সেসব টাকা খরচ করে ফেলত। অসময়ের জন্য কিছুই জমিয়ে রাখত না। এক বর্ষায় ভীষণ ঝড় বৃষ্টি হওয়াতে তার বাড়ি পড়ে গেল। সে তাড়াতাড়ি লোক ডেকে এনে বাড়ি মেরামত করিয়ে নিল। তখনকার সময় সব বাড়ি মাটির হত। বর্ষাকাল মাটির কাজ ভালো করে শুকালো না। বণিকের হাতে বেশি টাকা ছিল না, তাই ভালো কাজ জানা মিস্ত্রি দিয়ে সে বাড়ি মেরামত করতে পারেনি। এক সিঁধেল চোর রাতের বেলা এসে দেয়াল কাটলো। যখন সিঁধ দিয়ে চুকতে যাবে, কাঁচা দেয়াল তার ঘাড়ে পড়ে গেল। চোর মাটি চাপা পড়ে গেল। সকলেই হইহই করে বেরিয়ে এলো। টানাটানি করে যখন চোরটাকে বার করা হল তখন সে তো গেছে মরে। চোরের মাসতুতো ভাই সোজা গিয়ে রাজা মশাইয়ের কাছে নালিশ করল, ওই দুটো বণিক ইচ্ছে করে এমন খারাপ বাড়ি তৈরি করেছে যে আমার ভাই সিঁধ কাটতে গিয়ে মাটি চাপা পড়ে মারা গেছে। ধর্মান্তর.. বিচার চাই, ওই বণিকের ফাঁসির হুকুম দিন।

১. "মাসতুতো ভাই" অর্থাৎ-

মাসির ছেলে
পিসির ছেলে
দিদির ছেলে
মামার ছেলে

২. "অসময়" বলতে আমরা বুঝব-

খুব ভালো সময়
ভালো সময়
খুব খারাপ সময়
ভালো ও খারাপ সময়

৩. "গ্রীষ্ম" এই ঋতুটি যে দুটি মাস নিয়ে-

ফাল্গুন ও চৈত্র
বৈশাখ ও জ্যৈষ্ঠ
ভাদ্র ও আশ্বিন
কার্তিক ও অগ্রহায়ণ

৪. আমরা টাকা জমিয়ে রাখি-

বিদ্যালয়ে
হাসপাতালে
ডাকঘর ও ব্যাংকে
অফিসে

৫. তোমার বাড়ি মেরামত করার প্রয়োজন হলে যাকে তুমি ডাকবে তিনি হলেন-

রাজমিস্ত্রি

কুমোর
দর্জি
সাধারণ শ্রমিক

৬. মাটির দেওয়াল শুকানোর জন্য যা প্রয়োজন সেটি হল-
মেঘলা আকাশ
ভালো বৃষ্টিপাত
ঝড়ো বাতাস
প্রখর রোদ

৭. স্বাধীনতা আন্দোলনের সময় ফাঁসি হয়েছিল এমন একজন বিপ্লবী হলেন-

প্রফুল্ল চাকী
মাতঙ্গিনী হাজারা
প্রীতিলতা
ক্ষুদিরাম বসু

৮. আমাদের পাড়ায় যারা বসবাস করেন তারা হলেন আমাদের-

শত্রু
আত্মীয়
বন্ধু
প্রতিবেশী

৯. "মাটি" শব্দটির পদান্তর শব্দ হলো-

মা
মেটে
মাটি
মাঠ

১০. "রাত" শব্দটির একটি সমার্থক শব্দ হলো

দিবস
নিশি
গগন
ভানু

১১. কুমোরেরা মাটির জিনিস তৈরির জন্য কোন ধরনের মাটি ব্যবহার করেন?
১২. ধর্মাবতার কোথায় বসে বিচারবিভাগীয় কাজ সম্পাদন করেন?
১৩. আজকালকার দিনে সিঁধেল চোর দেখতে পাওয়া যায় না কেন?
১৪. বেহলা-লখিন্দরের কাহিনীতে আমরা কোন বণিকের নাম পাই?
১৫. রাজমিস্ত্রি ছাড়া বাড়ি তৈরীর ক্ষেত্রে আর কোন কোন মিস্ত্রির প্রয়োজন পড়ে?

